

# ভারতীয় জনতা পার্টি

(কেন্দ্রীয় অফিস)

১১ অশোক রোড, নয়াদিল্লি ১১০০০১

ফোন-- ০১১-২৩০৭০৫৭৭০, ফ্যাক্স--০১১-২৩০০৫৭৮৭

সংসদে রাষ্ট্রপতির ভাষণ নিয়ে ভারতীয় জনতা পার্টির প্রাক্তন সভাপতি ও সাংসদ ভেনকাইয়া নাইডুর প্রতিক্রিয়া

নয়াদিল্লি, ২১ ফেব্রুয়ারী, ২০১৩

সংসদে রাষ্ট্রপতির ভাষণ ছিল হতাশাব্যঞ্জক, দিশাহীন ও তা আমাদের কোনভাবে উদ্বুদ্ধ করে না। দেশের সামনে বিপুল দুর্নীতি, লাগাতার মূল্যবৃদ্ধি, কৃষিতে সমস্যা, কৃষক আত্মহত্যা, ক্রমবর্ধমান বেকারত্বের মত সমস্যা কী ভাবে মোকাবিলা করা যাবে, তা বলা হয় নি। এই সব সমস্যার মোকাবিলায় সরকারের রোডম্যাপ কী তাও বলা হয়নি।

রাষ্ট্রপতির ভাষণে গভীর আর্থিক সংকটের কথা বলা হলেও, তার মোকাবিলায় সরকার কী ব্যবস্থা নিতে চলেছে তা জানানো হয় নি। আর্থিক ঘাটতি সাড়ে ৫ শতাংশ হয়েছে, জি ডি পি কমে দাড়িয়েছে ৫ শতাংশে। এই অবস্থার মোকাবিলা কী করে করা হবে সে বিষয়েও কোনো কথা নেই। দেখে মনে হচ্ছে সরকারের সামনে কোনো সূত্র নেই, তাই রাষ্ট্রপতির ভাষণ কোনভাবে উদ্বুদ্ধ করছে না।

রাষ্ট্রপতির ভাষণের সময় সেন্দ্রাল হলে যা হয়েছে তা অত্যন্ত দুঃখজনক। এর দায় ক্ষমতাসীল দলকে নিতে হবে। ক্ষমতাসীল দলের শরিকরা রাষ্ট্রপতির ভাষণের সময় শ্লোগান দিচ্ছে, প্ল্যাকার্ড তুলছে, প্রতিবাদ জানাচ্ছে, এটা অভাবনীয়। বিরোধীদের অভিযোগ যে সত্য সেটা বোঝা যাচ্ছে যে, সরকারের মধ্যে সবকিছু ভালোভাবে চলছে না। কেমনভাবে যত চালাতে হয় ও কেমনভাবে দেশ চালাতে হয় তা কংগ্রেস দল জানে না।

\*\*\*\*\*